

টানা তিন দিন থেমে থেমে বৃষ্টির প্রভাবে বরিশাল নগরীর নিম্নাঞ্চলে জলাবদ্ধতা দেখা দিয়েছে। ফলে পানিবন্দি হয়ে চরম দুর্ভোগে দিন কাটাচ্ছেন কয়েক হাজার মানুষ।

সরেজমিন দেখা গেছে, টানা বৃষ্টিপাতের কারণে নগরীর বটতলা, পলাশপুর, কবি জীবনানন্দ দাশ সড়ক, রসুলপুর, ভাটিখানা, কাউনিয়া, আলেকান্দা, রূপাতলী হাউজিং, ধান গবেষণা রোড, বিএম স্কুল রোড, আমানতগঞ্জ, কলেজ এভিনিউসহ বিভিন্ন এলাকার সড়কে পানি জমেছে। এছাড়া নদী তীরবর্তী নিম্নাঞ্চলের বাসিন্দারা গত ৩ দিন ধরে হয়ে আছেন পানিবন্দি। ফলে চরম দুর্ভোগে দিন কাটছে তাদের।

নগরীর রসুলপুরের বাসিন্দা আবদুর রহমান বলেন, গত কয়েক দিন ধরে নদীর পানি ঘরে উঠে আছে। এ কারণে স্ত্রী-সন্তান নিয়ে পানিবন্দি অবস্থায় চরম দুর্ভোগে দিন কাটাচ্ছে।

রূপাতলীর বাসিন্দা আবদুল মালেক বলেন, বৃষ্টি হলেই পানিতে তলিয়ে যায় সড়ক। এলাকার বাসিন্দারা ঘর থেকে বের হতে পারছেন না। এমন অবস্থা প্রত্যেক বর্ষার মৌসুমেই হয়।

বরিশাল আবহাওয়া অফিসের উচ্চ পর্যবেক্ষক মাজাহরুল ইসলাম বলেন, দুপুর ৩টার আগে ২৪ ঘণ্টায় ২২.৪ মিলিমিটার বৃষ্টিপাত হয়েছে। এ সময় বাতাসের সর্বোচ্চ গতিবেগ ছিল ঘণ্টায় ১৬ কিলোমিটার। গত তিন দিন ধরে চলমান এই বৃষ্টি আরও কয়েক দিন থাকতে পারে বলে জানান তিনি।

বরিশাল পানিবন্দি বৃষ্টিপাত আবহাওয়া